

যুগান্তর

প্রিন্ট: ০২ মার্চ ২০২৫, ০৭:৩৯ এএম

ভর্তি

রমজানেই জবির সব ইউনিটের ফল, ঈদের পর ভর্তি



জবি প্রতিনিধি

প্রকাশ: ২৮ ফেব্রুয়ারি ২০২৫, ০৬:৫৫ পিএম



রমজানের মধ্যেই জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) সব ইউনিটের ফল প্রকাশ করা হবে বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়টির উপাচার্য অধ্যাপক ড. মো. রেজাউল করিম।

শুক্রবার (২৮ ফেব্রুয়ারি) বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদ 'সি' ইউনিটের ভর্তি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন শেষে সাংবাদিকদের এ কথা জানান তিনি।

উপাচার্য বলেন, আজ 'সি' ইউনিটের পরীক্ষার মাধ্যমে সব ইউনিটের ভর্তি পরীক্ষার কার্যক্রম শেষ হচ্ছে। আশা করি, রমজানের মধ্যেই সব ইউনিটের ফল প্রকাশ করা সম্ভব হবে। রমজানের পরেই আমরা ভর্তি কার্যক্রম শুরু করব।

এর আগে গত ৩১ জানুয়ারি 'ই' ইউনিটের (চারুকলা অনুষদ) পরীক্ষা অনুষ্ঠিত হয়। এ ছাড়া ১৪ ফেব্রুয়ারি 'ডি' ইউনিট (সামাজিক বিজ্ঞান অনুষদ), ১৫ ফেব্রুয়ারি 'বি' ইউনিট (কলা ও আইন অনুষদ) এবং ২২ ফেব্রুয়ারি 'এ' ইউনিটের (বিজ্ঞান ও লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদ) পরীক্ষা অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য, দীর্ঘ চার বছর পর চলতি শিক্ষাবর্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয় নিজস্ব নিয়মে ভর্তি পরীক্ষা নিচ্ছে। পরীক্ষার মোট নম্বর ১০০। এর মধ্যে ৭২ নম্বরের পরীক্ষা হবে বহুনির্বাচনি ও লিখিত প্রশ্নের ওপর। বহুনির্বাচনি অংশে ২৪ নম্বর, লিখিত অংশের জন্য ৪৮ নম্বর বরাদ্দ। পাশাপাশি এসএসসি পরীক্ষার জিপিএ-তে ১২ নম্বর এবং এইচএসসি পরীক্ষার জিপিএ-তে ১৬ নম্বর গণনা করা হবে।